

ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

তারিখঃ ২৫/০৫/২০২২ খ্রি.

ইনোভেশন টিমের সমন্বয় সভার কার্যবিবরণী

বিগত ১৯/০৫/২০২২ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০:৩০ ঘটিকায় ইনোভেশন টিমের সমন্বয় সভা ইনোভেশন অফিসার, জনাব মো. মোস্তাফিজার রহমান, ডিজিএম (পি এন্ড এস)-এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয় (সভার উপস্থিতিঃ সংলাপ-১)।

২.০ আলোচনাঃ


গুরুত্ব সহকারে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে কমিটির কার্যক্রমের হালনাগাদ জানতে চান। সদস্য সচিব জানান, পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুসারে ইতিমধ্যে ইআরএল এর ২০২১-২২ অর্থ-বছরের বাজেটে ইনোভেশন টিমের উদ্ভাবনী কার্যক্রম পরিচালনার জন্য ৩.০০ (তিন) লক্ষ টাকার বাজেট সংস্থান করার জন্য পেশ করা হয়েছে। চলতি ২০২১-২২ অর্থ-বছরের জন্য চূড়ান্তকৃত সেবা সহজীকরণের আওতাধীন কোয়ালিটি কন্ট্রোল শাখায় ইআরএল-এর বহিরাগত প্রোডাক্ট কোয়ালিটি টেস্টিং সেবা সংক্রান্ত কার্যক্রমের প্রস্তুতি সম্পন্ন হয়েছে। সেবাটি বাস্তবায়নের জন্য অনুমোদন নিতে হবে। অপরদিকে বিভিন্ন শাখা হতে সিভিল শাখায় নৈমিত্তিক শ্রমিক নিয়োগের চাহিদাপত্রটি ডিজিটালাইজেশন করার জন্য একটি অনলাইন/লেন নির্ভর সফটওয়্যার নির্মাণ কার্যক্রমের বাস্তবায়ন ও উদ্ভাবনী উদ্যোগ প্রসঙ্গে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় চলতি ২০২১-২২ অর্থ-বছরে ইআরএল হতে এমএস সরবরাহ বৃদ্ধি সংক্রান্ত উদ্ভাবনী কার্যক্রমটি নিয়েও আলোচনা করা হয়।

৩.০ সিদ্ধান্তঃ

সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- কোয়ালিটি কন্ট্রোল শাখায় ইআরএল-এর বহিরাগত প্রোডাক্ট কোয়ালিটি টেস্টিং সেবাটি সহজীকরণের জন্য কমিটি কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত হয়েছে। ইতিমধ্যে সেবাটি সহজীকরণের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে যার অনুমোদন নিতে হবে।
- ইআরএল-এর “নৈমিত্তিক শ্রমিকের চাহিদাপত্র”-টি ডিজিটালাইজেশন করার বিষয়টি দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।
- দেশ জুড়ে এমএস-এর অতিরিক্ত চাহিদার প্রেক্ষিতে “ইআরএল হতে এমএস সরবরাহ বৃদ্ধি” উদ্ভাবনী ধারণাটির সফল বাস্তবায়নের পর এখন শোকেসিংয়ের জন্য প্রস্তুতি গ্রহণ করতে হবে।

অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(সোহরাব হোসেন)

ম্যানেজার (প্ল্যানিং) ও

সদস্য-সচিব, ইনোভেশন টিম

বিতরণঃ

জনাব মো. মোস্তাফিজার রহমান, ডিজিএম (পিএন্ডএস) ও ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

জনাব মামশাদ করিম আনোয়ার, এজিএম (ডেভলপমেন্ট) ও সদস্য, ইনোভেশন টিম

জনাব সানিউল ইসলাম, ম্যানেজার (কিউসি) ও সদস্য, ইনোভেশন টিম

জনাব মো. কামরুজ্জামান, ম্যানেজার (টেকনিক্যাল সার্ভিসেস) ও সদস্য, ইনোভেশন টিম

জনাব মো. সাইফুর রহমান, ম্যানেজার (পার্সোনাল) ও সদস্য, ইনোভেশন টিম

জনাব মো. বায়েজিদ ইসলাম, এএম (সিডিপি) ও সদস্য, ইনোভেশন টিম

অনুলিপিঃ

ব্যবস্থাপনা পরিচালক -সদয় অবগতির জন্য

ফাইল